

(মিডিয়া বিজ্ঞপ্তি)

ফিনল্যান্ডের ভাসা'র মেয়র সামিটকে পুরস্কৃত করলো



ছবি ক্যাপশন: সামিট গ্রুপের ভাইস-চেয়ারম্যান মো. লতিফ খান, ফিনল্যান্ডের ভাসা শহরের মেয়র টমাস হেয়রীর নিকট থেকে ওয়ার্টসিলার ভ্যালুড কাস্টমার রিকগনিশন অ্যাওয়ার্ড ২০১৯ গ্রহণ করেন গাজীপুরে ৪৫০ মেগাওয়াট ফাস্ট-ট্র্যাক বিদ্যুৎ প্রকল্প রেকর্ড সময়ে সম্পন্নের স্বীকৃতিস্বরূপ।

(ভাসা, ফিনল্যান্ড) ২৭ শে সেপ্টেম্বর ২০১৯, শুক্রবার:

সামিট গ্রুপ ওয়ার্টসিলার ভ্যালুড কাস্টমার রিকগনিশন অ্যাওয়ার্ড ২০১৯-এ পুরস্কৃত হলো গাজীপুর ৪৫০ মেগাওয়াট বিদ্যুৎ প্রকল্প মাত্র ৯ মাসে বাস্তবায়নের মাধ্যমে যে অসাধারণ কর্মদক্ষতা এবং কর্মসম্পাদন প্রদর্শন করেছে তার স্বীকৃতিস্বরূপ। ভাসা শহরের মেয়র টমাস হেয়রী এবং অস্ট্রবোথনিয়া চেম্বার অফ কমার্স, যা ফিনল্যান্ডের সবচেয়ে পুরানো এবং বিখ্যাত চেম্বার- এর ম্যানেজিং ডিরেক্টর জুহা হাকিনান যৌথভাবে এই পুরস্কারটি সামিট গ্রুপের ভাইস-চেয়ারম্যান মো. লতিফ খান এবং সামিট গাজীপুর ২ পাওয়ার (৩০০ মেগাওয়াট) ও এইস এলাইয়েন্স পাওয়ারের (১৫০ মেগাওয়াট) ম্যানেজিং ডিরেক্টর ইঞ্জি. মোজাম্মেল হোসেনকে হস্তান্তর করেন।

অনুষ্ঠানে অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তাদের মাঝে উপস্থিত ছিলেন ওয়ার্টসিলার সাউথ এশিয়া-এনার্জি সল্যুশনের রিজিওনাল ডিরেক্টর গোড়ান রিচার্ডসন, ওয়ার্টসিলার হেড অফ প্রজেক্ট মাউটস, সামিট পাওয়ার লিমিটেডের

জেনারেল ম্যানেজার- প্রকিউরমেন্ট, ইনভেন্টরি এন্ড ট্রেনিং মো. নাজমুল হাসান এবং যারা এই প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

সামিটের সাথে ওয়ার্টসিলা অংশীদারিত্ব, বাংলাদেশের বেসরকারি খাতে বিদ্যুৎ উৎপাদনের শুরুর দিকের অর্থাৎ প্রায় দুই দশকের বেশী। এই বছরের শুরুতে ওয়ার্টসিলা ভাসা শহরে, যা নর্ডিকের জ্বালানি রাজধানী হিসেবে পরিচিত, সেখানে একটি স্মার্ট টেকনোলজি হাব প্রতিষ্ঠা করার ঘোষণা দিয়েছে।

সংক্ষেপে সামিট গ্রুপ:

সামিট বাংলাদেশের বৃহত্তম স্বতন্ত্র বিদ্যুৎ উৎপাদনকারি প্রতিষ্ঠান (আইপিপি) এবং বৃহত্তম অবকাঠামো উন্নয়নকারি ব্যবসায়িক গোষ্ঠী। বর্তমানে বাংলাদেশের জাতীয় বিদ্যুৎ গ্রেডের জন্য ১, ৯৪১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছে। সামিট গাজীপুর ২ পাওয়ার এবং এইস এলাইয়েন্স পাওয়ার রাজধানী ঢাকা থেকে ৩০ কিমি দূরে গাজীপুর জেলার কডডায় অবস্থিত। ' বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৮' - তে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে থেকে সামিট দেশের দ্রুততম সময়ে বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের স্বীকৃতি স্বরূপ সেরা বেসরকারী বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠানের পুরস্কার গ্রহণ করে। এছাড়া বিদ্যুৎ কেন্দ্রটি ' বিদ্যুৎ খাতের অস্কার ' হিসেবে পরিচিত এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ড ২০১৮-তে বিশ্বের অন্যতম দ্রুততম বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের স্বীকৃতি স্বরূপ ' ফাস্ট ট্র্যাক পাওয়ার প্ল্যান্ট অফ দ্য ইয়ার' পুরস্কার লাভ করে।

বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন: www.summitpowerinternational.com এবং সামিটের টুইটার ও লিংকডইন অনুসরণ করুন।

সংক্ষেপে ওয়ার্টসিলা:

ওয়ার্টসিলা হলো মেরিন এবং জ্বালানি শিল্পখাতের জন্য স্মার্ট প্রযুক্তির উদ্ভাবন এবং এর জীবনচক্রীয় সমাধান প্রদানে বিশ্বের মধ্যে নেতৃস্থানীয় প্রতিষ্ঠান। টেকসই উদ্ভাবন, সামগ্রিক কার্যকারিতা এবং তথ্য বিশ্লেষণকে গুরুত্ব দিয়ে ওয়ার্টসিলা তার গ্রাহকদের জাহাজ ও বিদ্যুৎ কেন্দ্রগুলোর পরিবেশগত ও অর্থনৈতিক চরম উৎকর্ষতায় নিয়ে যায়।

www.wartsila.com

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল ০১৭১৩ : ০৮১৯০৫।